PHONE LOCK · নভেম্বর ২০২৬

Phone ছিনতাই হলে যেন নিজেই lock হয়


Android এ Google এর তিনটা setting আছে: কেউ phone নিয়ে দৌড় দিলে lock, phone offline হলে lock, আর অন্য যেকোনো phone বা computer থেকে শুধু number দিয়ে lock। নিচে চালু করার পুরো রাস্তা, Tazim এর নিজের phone এর screenshot সহ।

01 শুরুর আগে


- Phone এ PIN, pattern বা password দিয়ে screen lock থাকতে হবে। না থাকলে lock হলেও খুলে ফেলা যাবে।
- এগুলো Android এর জন্য। Google বলছে Android Go phone, tablet আর watch এ এগুলো নেই, আর কিছু অংশ শুধু Android 10 বা তার পরের version এ চলে।
- কোনো option ধূসর (grey) হয়ে থাকলে, মানে আপনার phone এ সেটা নেই।

02 কোথায় পাবেন


Settings › Google › All services › Theft protection




১. Settings খুলে নিচে Google



২. উপরে All services



৩. Personal and device safety এর নিচে Theft protection



৪. দুইটা switch চালু

Samsung বা অন্য কোনো phone এ menu আলাদা হলে, Settings এর search এ "theft" লিখে খুঁজুন। Screenshot গুলো একটা Nothing phone এর।

03 তিনটা setting

১

Theft Detection Lock
কেউ phone টান দিয়ে দৌড় দিলে, AI, motion sensor, Wi-Fi আর Bluetooth দিয়ে সেটা ধরে screen lock করে দেয়। Screen আগে থেকেই lock থাকলে এটা কাজ করে না।

২

Offline Device Lock
চোর data বা Wi-Fi বন্ধ করে দিলে, phone offline হওয়ার একটু পরেই screen lock। Phone খোলা অবস্থায় offline হলে কাজ করে। দিনে সর্বোচ্চ দুইবার।

৩

Remote Lock
একই পাতায় নিচে Remote Lock, ভেতরে Use Remote Lock চালু করুন। ভেতরে আপনার phone number দেখাতে হবে; না দেখালে verify করুন।

04 Phone হারালে যা করবেন

1. যেকোনো phone বা computer এর browser এ যান `android.com/lock`
2. হারানো phone এর number দিন, Lock device এ click করুন। কোনো sign-in বা Google account লাগে না।
3. Phone offline থাকলে, online হওয়ার সাথে সাথে lock হবে।
4. দিনে সর্বোচ্চ দুইবার এভাবে lock করা যায়। Phone ফেরত পেলে নিজের PIN বা pattern দিয়েই খুলবেন।
5. Phone এর data মুছে ফেলতে বা খুঁজতে হলে, Google account দিয়ে Find Hub এ sign in করতে হবে।

Remote Lock চালু না থাকলে android.com/lock এ number দিলেও phone lock হবে না। তাই phone হাতে থাকতেই চালু করে রাখুন।

05 Bonus: lock screen এ IMEI

Theft protection পাতার একদম নিচে **Device identifier on lock screen** চালু রাখুন। তখন lock screen এ Emergency তে tap করলে phone এর IMEI দেখা যায়। Phone এর screen এ লেখা: এই IMEI হারানো phone ফেরত পেতে সাহায্য করতে পারে।

06 বাসায় একবার করে দিন

আব্বু আম্মুর phone এ এগুলো সম্ভবত এখনো বন্ধ। একবার বসে তিনটা switch চালু করে দিন, আর ওদের phone number দিয়ে Remote Lock verify হয়েছে কিনা দেখে নিন।

07 সূত্র

- Google, Android Help, "Protect your personal data against theft": support.google.com/android/answer/15146908
- Google Find Hub, Remote Lock page: android.com/lock (খোলে google.com/android/find/lock)
- BSS, ১৯ আগস্ট ২০২৬: জুলাই মাসে DMP ঢাকায় ২,০০৭টা mobile phone উদ্ধার করে মালিকদের ফেরত দিয়েছে। bssnews.net/others/416120
- Theft protection আর Remote Lock এর screenshot: Tazim এর নিজের phone, ৫ নভেম্বর ২০২৬।